



ISO 9001 : 2015



বাংলাদেশ ওভারসিজ এমপ্লায়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রোবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)

স্থাপিত-১৯৮৪

নং: ৪৯.০২.০০০০.০০০.০১.০৬০.২১-২৮৮

তারিখ: ১৯ জুলাই ২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

সম্প্রতি ইপিএস কর্মীর ওপর আরোপিত ভিসা নিষেধাজ্ঞা প্রত্যাহার করে ফ্লাইট কার্যক্রম শুরুর বিষয়ে বিভিন্ন ব্যক্তি থেকে প্রাপ্ত ইমেইল এবং বিভিন্ন ব্যক্তি/গুপ কর্তৃক ফেসবুকে প্রচারিত পোস্ট বোয়েসেল কর্তৃপক্ষের গোচরে এসেছে। এ বিষয়ে বোয়েসেল-এর বক্তৃত্ব নিম্নরূপ:

১। বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে ২০০৮ সনে সম্পাদিত সময়োত্তা চুক্তি অনুযায়ী এমপ্লায়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস)-এর আওতায় জি টু জি পদ্ধতিতে বোয়েসেল দক্ষিণ কোরিয়ায় উচ্চ বেতনে চাকরিসহ ২১,৯৩৩ জন কর্মী সফলভাবে প্রেরণ করেছে। বৈশিক কোভিড-১৯ অতিমারিকালীন সময়ে কতিপয় বাংলাদেশি যাত্রী দক্ষিণ কোরিয়াতে কোভিড পজিটিভ শর্মাত্ত হওয়ায় মার্চ ২০২০ হতে ইপিএস কর্মীদের দক্ষিণ কোরিয়া গমন বন্ধ রয়েছে।


৩। বাংলাদেশি নাগরিক বিশেষত ইপিএস কর্মীর ওপর আরোপিত ভিসা নিষেধাজ্ঞা প্রত্যাহার করে ফ্লাইট কার্যক্রম শুরুর বিষয়ে গুরুত্ব উপলক্ষ করে বোয়েসেল নিয়ন্ত্রণিত পদক্ষেপ গ্রহণ করেছে:

- গত ১৭ মে ২০২১ খ্রি. থেকে বাংলাদেশ থেকে দক্ষিণ কোরিয়া গমনকারী যাত্রী (কোরিয়ান নাগরিক ব্যতীত) ৯১ জন যাত্রী দুই ধাপে কোভিড টেস্ট, সাত দিনের সঞ্চানের ও কোভিড বীমা সম্পন্ন করে দক্ষিণ কোরিয়ায় গমন করেছে। ফলে এ ৯১ জন যাত্রীর মধ্যে কেউ দক্ষিণ কোরিয়ায় পৌছার পর কোভিড পজিটিভ শর্মাত্ত হয়নি।
- গত ৮ জুন ২০২১ খ্রি. তারিখ দক্ষিণ কোরিয়াস্থ মান্যবর রাষ্ট্রদূতের সঙ্গে ভার্চুয়াল প্ল্যাটফরমে মত বিনিময় করা হয়েছে।
- গত ৯ জুন ২০২১ খ্রি. তারিখ সকল ইপিএস কর্মী দুই ধাপে কোভিড টেস্ট, সাত দিনের সঞ্চানের ও কোভিড বীমা সম্পন্ন করে দক্ষিণ কোরিয়ায় গমনে প্রস্তুত আছে মর্মে এইচআরডি কোরিয়া পত্র প্রেরণ করা হয়েছে।
- গত ৯ জুলাই ২০২১ খ্রি. তারিখ সার্বিক বিষয়াদি তুলে ধরে এইচআরডি কোরিয়া-ইপিএস সেটার-ইন-বিডি'র পরিচালকের সঙ্গেও মতবিনিময় করা হয়েছে। উক্ত মতবিনিময়ে পরিচালক জানান বাংলাদেশের কোভিড পরিস্থিতি দক্ষিণ কোরিয়া সরকার গভীরভাবে পর্যবেক্ষণ করেছে। প্রতিনিয়ত কোভিড পরিস্থিতির হালনাগাদ তথ্য কোরিয়ান দৃতাবাস, ঢাকা কোরিয়ান কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেছে। ফলে বাংলাদেশে কোভিড পরিস্থিতি ও কোরিয়ায় গমনকৃত বাংলাদেশিদের কোভিড পজিটিভ শর্মাত্ত হারের ভিত্তিতে বাংলাদেশিদের ওপর আরোপিত ভিসা নিষেধাজ্ঞা প্রত্যাহার নির্ভর করে।
- সম্প্রতি বাংলাদেশি নাগরিক বিশেষত ইপিএস কর্মীর ওপর আরোপিত ভিসা নিষেধাজ্ঞা প্রত্যাহার করে ফ্লাইট কার্যক্রম শুরুর বিষয়ে কৃটনৈতিক উদ্যোগ গ্রহণের জন্য মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দৃতাবাস, সিউল'কে পত্র দেয়া হয়েছে। তাছাড়া উক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এর পক্ষ হতে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বরাবর ডিও লেটার প্রেরণ এবং পরবাটি মন্ত্রণালয়ের মাধ্যমে ঢাকাস্থ কোরিয়ান দৃতাবাসের মান্যবর রাষ্ট্রদূত বরাবর ডিও লেটার প্রেরণ ও প্রয়োজনীয় কৃটনৈতিক উদ্যোগ গ্রহণের বিষয়ে সদয় বিবেচনার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

৪। দক্ষিণ কোরিয়ার সরকারের সন্তুষ্টির বহিঃপ্রকাশ হিসেবে কোভিড-১৯ অতিমারিকালীন সরকার ঘোষিত লকডাউন সময়ে আগামী ২৫-২৭ জুলাই ২০২১ খ্রি. তারিখ প্রত্যেহ সকাল ১০ ঘটিকা থেকে বিকাল ৫ ঘটিকার মধ্যে বোয়েসেল-এর ওয়েবসাইটে রিএন্টি স্পেশাল ইপিএস টপিক প্রার্থীদের নিবন্ধন অনুষ্ঠিত হতে যাচ্ছে। যার ফলশুতিতে আগামী ০১-০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে পরীক্ষার তারিখ ধার্য করা হয়েছে।

৫। কোভিড রোধকল্পে বাংলাদেশ সরকার তথা বোয়েসেল কর্তৃক কোরিয়াগামী যাত্রীদের (কোরিয়ান নাগরিক ব্যতীত) ২ ধাপে কোভিড টেস্টসহ ৭ দিনের বাধ্যতামূলক সঞ্চানের সংক্রান্ত দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য দক্ষিণ কোরিয়া সরকার তথা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, এইচআরডি কোরিয়ার আস্থা ও সন্তোষি অর্জন করেছে। যার ফলশুতিতে বাংলাদেশি নাগরিক বিশেষত ইপিএস কর্মীদের টিকার কার্যক্রমের অগ্রগতি সাধিত হলে আশা করা যায় যে, কর্মীদের ওপর আরোপিত ভিসা নিষেধাজ্ঞা প্রত্যাহার করে ফ্লাইট কার্যক্রম শুরু হবে।

৬। রাষ্ট্রীয় স্বার্থে ইপিএসকে অধিকতর শক্তিশালী ও দক্ষিণ কোরিয়ার শ্রমবাজার সম্প্রসারণ এবং টেকসই করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।


১৯ জুলাই, ২০২১

বন্ধনী বিশ্বাস

মহাব্যবস্থাপক (উপসচিব)

ফোন: ০২-৫৫১৩৮৫৯৩

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

১১-১২ ইস্ট-টাউন প্লাটফর্ম



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৯৩০৬৫০৮, ৮৮৩১৯১২৫ ও ৮৮৩১৭৫১৫ (পিএবিএক্স)

ফ্লেক্স ফোন : +৮৮-০২-৯৩০৬৫০৮, ৮৮৩১৯১২৫ ও ৮৮৩১৭৫১৫